উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/এসই (প্রশিক্ষণ ও মান নিয়ন্ত্রণ)/(GAD)/জি-০১/২০১৭/ ৯৯০ তারিখঃ ২৮/০২/২০১৭ ইং।

**বিষয়ঃ আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে আয়োজক কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**

এলজিইডি সদর দপ্তরে আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে আয়োজক কমিটির ৩য় সভা গত ২৬ ফেব্রুয়ারি ২০১৭ বিকাল ৪:০০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদযাপন আয়োজক কমিটি। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় অবহিত করেন যে, আন্তর্জাতিক নারী দিবস ২০১৭ উদযাপন অনুষ্ঠান আগামী ৮ মার্চে হবে। অতঃপর সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদযাপন আয়োজক কমিটি'কে অনুরোধ করেন। সে মোতাবেক সদস্য-সচিব সভার আলোচ্যসূচি সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণীর অগ্রগতি পর্যালোচনা | সভায় সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদযাপন আয়োজক কমিটি জানান, সেক্টর ভিত্তিক সুফলভোগী নারীদের তথ্যাদি সংগ্রহ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত। সে প্রেক্ষিতে নগর সেক্টরের মূল্যায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, জানান নগর সেক্টরের মোট ০৪টি প্রকল্পের আওতায় সর্বমোট ৩০ জন সুফলভোগী নারীর তথ্যাদি পাওয়া গেছে। প্রাপ্ত সকল নারীর তথ্যাদিসমূহ নগর সেক্টরের মূল্যায়ন কমিটিতে যাচাই-বাছাই করে এর মধ্যে ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী মূল্যায়ন কমিটির সর্বসম্মতিক্রমে নির্বাচন করা হয়েছে।<br><br>উক্ত বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRMU) মহোদয়ের দৃষ্টি আর্কষণ করা হলে তিনি জানান যে, এ সেক্টরের মোট ০৪টি প্রকল্পের আওতায় সর্বমোট ৪২ জন সুফলভোগী নারীর তথ্যাদি পাওয়া গেছে। প্রাপ্ত সকল নারীর তথ্যাদিসমূহ পানি সম্পদ উন্নয়ন সেক্টরের মূল্যায়ন কমিটিতে যাচাই-বাছাই করে এর মধ্যে ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারী শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী মূল্যায়ন কমিটির সর্বসম্মতিক্রমে নির্বাচন করা হয়েছে। এখানে উল্লেখ্য যে, ৩য় স্থানে যৌথভাবে দুই জন নারী একই নম্বর প্রাপ্ত হওয়ায় মূল্যায়ন কমিটির সর্বসম্মতিক্রমে এ সেক্টরে মোট ০৪ জনকে নির্বাচন করা হয়েছে।<br><br>অতঃপর পল্লী উন্নয়ন সেক্টরের অগ্রগতি সম্পর্কে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি প্রকল্প পরিচালক, RERMP-II কে সভায় তথ্য উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। তিনি জানান যে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অঞ্চল হতে প্রাথমিকভাবে বাছাইকৃত সর্বমোট ৫৭ জন সুফলভোগী নারীর তথ্যাদি পাওয়া গেছে। প্রাপ্ত সকল নারীর তথ্যাদিসমূহ পল্লী উন্নয়ন সেক্টরের মূল্যায়ন কমিটিতে যাচাই-বাছাই করে এর মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী মূল্যায়ন কমিটির সর্বসম্মতিক্রমে নির্বাচন করা হয়েছে। | ২৭/০২/২০১৭ইং তারিখ নির্বাচিত নারীদের ছবি ও চূড়ান্ত তালিকা ফোরামে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২। | জেন্ডার কার্যক্রমের ফটোগ্যালারী প্রদর্শনী | সভাপতি মহোদয় এ বিষয়ের অগ্রগতি জানতে চাইলে সদস্য-সচিব অবহিত করেন যে, ইতঃমধ্যে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে পত্রের মাধ্যমে বিষয়টি অবহিত করা হয়েছে। উল্লেখ্য যে, ফটোগ্যালারী প্রতিযোগিতায় গতবারের প্রকল্পসমূহের সাথে এবারে নতুন ২/১টি প্রকল্প যুক্ত হয়েছে এবং মোট ১৪টি ফটোগ্যালারী হবে। সার্বিকভাবে বিষয়টি মনিটরিং করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা)'কে অনুরোধ জানানো হয়। | এ বিষয়ে প্রকল্প পরিচালকগণকে সহযোগিতা করার জন্য জনাব শেখ নজরুল ইসলাম (ভবন রক্ষণাবেক্ষণ)'কে বলা হয়। |
| ০৩। | ভিডিও এবং ক্রুশিওর | ভিডিও এবং ক্রুশিওর সম্পর্কে জনাব আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি জানান যে, ভিডিও তৈরী কার্যক্রম চলমান এবং তা আগামী ২/৩ তিনের মধ্যেই সম্পন্ন হবে। সভায় তিনি ক্রুশিওরের একটি নমুনাও উপস্থাপন করেন এবং ক্রুশিওরের প্রচ্ছদের ব্যাপারে সভাপতি মহোদয়ের দৃষ্টি আর্কষণ করেন। নমুনাটির প্রচ্ছদে মাথায় ঝুড়ি সম্বলিত শ্রমজীবি নারীর ছবি পরিবর্তন করে কর্মজীবি নারীর ক্ষমতায়ন সম্বলিত ছবি দেয়ার ব্যাপারে তিনি পরামর্শ দেন। | ভিডিও এবং ক্রুশিওরের কাজ খসড়া সম্পন্ন করে প্রধান প্রকৌশলী মহোদয়কে অবলোকন পূর্বক চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ০৪। | আমন্ত্রণপত্র ও ভাষণ | সভাপতি মহোদয় জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)'কে সম্মানিত প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক প্রদত্ত অনুষ্ঠানের নির্ধারিত সময়সূচি ও প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতি অনুযায়ী আমন্ত্রণপত্র প্রস্তুত করতে এবং আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা খসড়া চূড়ান্ত করার নির্দেশ দেন। অনুষ্ঠানসূচি চূড়ান্ত হবার পর সদর দপ্তর পর্যায়ে আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদযাপন অনুষ্ঠান সংক্রান্ত SMS করার জন্য জনাব মাহবুব ইমাম মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকাকে অনুরোধ করা হয়। | অনুষ্ঠানসূচি, আমন্ত্রণ পত্র ও অতিথিবর্গের তালিকা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫। | বিবিধ | সেক্টরভিত্তিক আত্মনির্ভরশীল ১ম পুরস্কার প্রাপ্ত নারীদের অভিজ্ঞতা ব্যক্ত এবং মঞ্চে আত্মনির্ভরশীল ১০ জন নারীর সম্মাননা, সনদ এবং ক্রেস্ট সংগ্রহ কাজে জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, RERMP-II এর নেতৃত্বে পরিচালিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। তাঁকে সহযোগিতা করার জন্য জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, জনাব উজ্জ্বল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী কে বলা হয়। | নারীদের অভিজ্ঞতা এবং সম্মাননা, সনদ এবং ক্রেস্ট সংগ্রহ কাজের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ আত্মানির্ভরশীল নারী এবং তাদের সাথে আগত অতিথিগণের আবাসন, খাবার এবং অনুষ্ঠান সমাপ্তির পর আত্মানির্ভরশীল নারীদের নিজ নিজ গন্তব্যস্থলে ফিরে যাবার সু-ব্যবস্থাসহ সার্বিক তত্ত্বাবধানের দায়িত্বে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (IWRM-O&M), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) মহোদয়গণকে অনুরোধ জানানো হয়। একই সাথে পুরস্কারপ্রাপ্ত সুফলভোগী নারীরা যেন যথাসময়ে নিরাপদে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারে সেজন্য স্ব-স্ব জেলা নির্বাহী প্রকৌশলীগণ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | আত্মানির্ভরশীল নারীদের অনুষ্ঠানে অংশগ্রহণ এবং নিজ নিজ গন্তব্যস্থলে ফিরে যাবার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | সভায় প্রধান অতিথি, বিশেষ অতিথি, সভাপতিসহ ফটোগ্যালারীর ১ম, ২য় ও ৩য় পুরস্কারের ক্রেস্ট এবং আত্মনির্ভরশীল ১০ জন নারীর ক্রেস্ট, সনদ তৈরী এবং একইসাথে প্রধান অতিথি, বিশেষ অতিথিকে অভ্যর্থনা জানানোর কাজে জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)'কে দায়িত্ব দেওয়া হয়। | ক্রেস্ট, সনদ তৈরী এবং প্রধান অতিথি, বিশেষ অতিথিকে অভ্যর্থনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | আন্তর্জাতিক নারী দিবস'২০১৭ উদযাপন অনুষ্ঠানের ছবি তোলাসহ Media এর বিষয়ে জনাব ইমাম মাহবুব মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী এবং জনাব মোঃ আবু ফাত্তাহ, মিডিয়া পরামর্শক যথাসময়ে BTVসহ অন্যান্য টিভি চ্যানেল ও প্রিন্ট মিডিয়ার সাথে যোগাযোগ করার জন্য সভাপতি মহোদয় পরামর্শ দেন। অনুষ্ঠান পরিচালনা কাজে জনাব আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি'কে দায়িত্ব প্রদানের ব্যাপারে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ছবি তোলা, Media এবং অনুষ্ঠান পরিচালনা এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/২/১৭

(মোঃ আবুল কালাম আজাদ)
তত্ত্বাবধায়ক প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
ও
আহবায়ক
আন্তর্জাতিক নারী দিবস উদযাপন কমিটি'২০১৭।

বিতরণঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , আইডব্লিউআরএম (ওএন্ডএম) ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঢাকা অঞ্চল, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। প্রকল্প পরিচালক, এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

০৯। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি- III, সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, সিআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, নবিদেপ, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। সদস্য সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাবা হক সুলতানা, উপ-প্রকল্প পরিচালক, ঢাকা নির্বাহী প্রকৌশলী দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব মাহবুব ইমাম মোর্শেদ (শাহীন), সহকারী প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭-১২০৭।
১৮। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিএমইউ (জাইকা) , এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব আহসানুজ্জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, এইচআইএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব উজ্জল ত্রিপুরা, সিনিয়র সহকারী প্রকৌশলী, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব রাহেনা বানু, সহকারী প্রকৌশলী, এসআরআইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব নাজরীন জামান, সহকারী প্রকৌশলী, সিসিআরআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব শামীম আরা পারভীন, সহকারী প্রকৌশলী, রাবার ড্যাম প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৪। জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৫। জনাব ফিরোজা করিম নেলী, সহকারী প্রকৌশলী, সিজিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৬। জনাব মোঃ আবু ফাত্তাহ, মিডিয়া পরামর্শক, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৭। ব্যাক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদযাপন কমিটি'২০১৭, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় অবগতির জন্য-
-প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।